দৈনিক খবর

তারিখ 12 AUG 1988
পৃষ্ঠা 7-6

শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

# শিক্ষার মানোন্নয়নে প্রাথমিক শিক্ষক সমিতির সিদ্ধান্ত

বাংলাদেশ প্রাথমিক শিক্ষক সমিতি প্রতিটি জেলা উপজেলায় শিক্ষার মানোন্নয়নের লক্ষ্যে সেমিনারের মাধ্যমে শিক্ষকদের সুসংগঠিত করার সিদ্ধান্ত নিয়েছে। গতকাল শুক্রবার অনুষ্ঠিত সমিতির কেন্দ্রীয় কমিটির সভায় জন্ম নিয়ন্ত্রণ এবং নিরক্ষরতা দূরীকরণ কর্মসূচীর সফল বাস্তবায়নের দায়িত্ব প্রাথমিক শিক্ষকদের ওপর ন্যস্ত করার সিদ্ধান্তহয়েছে।

সমিতির সভাপতি জনাব আলহাজ্ব শাহজাদা মুঃ নূরুল আলম আমিরীর সভাপতিত্বে সকাল ৯টা থেকে বিকাল ৫টা পর্যন্ত মতিঝিল প্রাথমিক বিদ্যালয়ে অনুষ্ঠিত এই সভায় বাংলাদেশ প্রাথমিক শিক্ষক সমিতির মহাসচিব মুঃ ফজলুর রহমান, কেন্দ্রীয় কমিটির সদস্য জনাব আঃ হাকিম, নূর মোহাম্মদ, গাজী আলতাফ হোসেন, জনাব ছিদ্দিকুর রহমান, ঢাকা মহানগরী সমিতির সভাপতি ও সাধারণ সম্পাদক শরফুদ্দিন ও আঃ মতিন বক্তব্য রাখেন।

সভাপতির ভাষণে জনাব আলহাজ্ব শাহজাদা মুঃ নূরুল আলম আমিরী বলেন, বর্তমানে দেশে মূল্যবোধের ব্যাপক অবক্ষয় ঘটেছে। তিনি পরীক্ষায় নকল প্রবণতা রোধে শিক্ষকদের এগিয়ে আসার আহবান জানান। শিক্ষক, মুক্তিযোদ্ধা সৈনিকদের সমাজে প্রতিষ্ঠিত করার লক্ষ্যে সকলকে ঐক্যবদ্ধ আন্দোলন গড়ে তোলার আহবান জানান।

সমিতির মহাসচিব তাঁর ভাষণে বলেন, দলবোধের ফলশ্রুতিতে প্রাথমিক শিক্ষকদের উপর নির্যাতন, ব্যক্তি প্রভাবে প্রশাসনে অচলাবস্থা সৃষ্টি, শিক্ষকদের বদলী, সাসপেন্ড বিভিন্ন হয়রানিমূলক তৎপরতার বিরুদ্ধে সমালোচনা করেন এবং এসব অশুভ তৎপরতা অবিলম্বে বন্ধ করার জন্য কর্তৃপক্ষের প্রতি আহবান জানান। তিনি অপ্রাথমিক শিক্ষক কর্তৃক প্রাথমিক শিক্ষক ভবন দখল, শিক্ষকদের বিরুদ্ধে মিথ্যা মামলা দায়ের এবং বিভিন্নমূখী ষড়যন্ত্র প্রতিহত করার জন্য শিক্ষকদের প্রতি আহবান জানান। মহাসচিব বলেন, প্রাথমিক শিক্ষকদের প্রবল আগ্রহ থাকা সত্ত্বেও অপ্রাথমিক শিক্ষকের প্রহসনমূলক কাজের দরুন সরকারের গুরুত্বপূর্ণ কাজ জন্মশাসন ও নিরক্ষরতা দূরীকরণ কর্মসূচী ব্যাহত হচ্ছে।